গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল
কক্সবাজার।
Email: coxsbazar@hospi.dghs.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নম্বরঃ- ৪৫.০০.০০০০.১০০০০৯২২.২১৭.২০২৪. ৩৫২

তারিখ: ১৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি,২০২৪ খ্রিষ্টাব্দ

'নিয়োগ বিজ্ঞপ্তি'

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১৪/৯৬-১৩৩০, তারিখ: ৩০ মে, ২০২৩ খ্রি. মূলে ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজারে রাজস্ব খাতে (১১-২০ গ্রেড) নিম্নলিখিত শূণ্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://csh.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবেনা।

ক্রঃ নং	পদনাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
০১	কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩, বেতন স্কেল-১১০০০-২৬৫৯০	০১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ ইংরেজিতে অন্যূন ৩০ শব্দের গতি থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূত দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এম এস ওয়ার্ড, এম এস এক্সেল, এম এস পাওয়ার পয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে। গ) টাইপিং এ প্রতিমিনিটে বাংলায় ন্যূনতম ২০ শব্দ এবং ইংরেজিতে ন্যূনতম ২০ শব্দের গতি থাকতে হবে।
০৩	সহকারী হিসাব রক্ষক, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
০৪	ওয়ার্ড মাস্টার, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০	০২	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।
০৫	লিনেন কীপার, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।
০৬	গাড়ী চালক, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

১. আবেদনকারীর বয়স ০৫/০৩/২০২৪ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না। এসএসসি সনদ/জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্মতারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

২. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ নং এবং ০২ নং ক্রমিকের শূণ্যপদ পূরণে **'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯'** এবং ছকের ০৩, ০৪ও ০৫ নং ক্রমিকের শূণ্যপদ পূরণে **'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮'**এবং ০৬ নং ক্রমিকের শূণ্যপদ পূরণে**'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৯'** অনুসরণ করা হবে।

৩. সরকারি , আধা-সরকারি ও সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ স্বাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Department Candidate এর ঘরে ঠিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৪. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১-৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত এপ্লিকেশন ফর্ম আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্র সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসীন্দার প্রমাণ পত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

৬. মৌখিক পরীক্ষার সময় নিম্নে বর্ণিত কাগজ সমূহ দাখিল করতে হবে।

ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

গ) এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র (আইডি কার্ড)।

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঙ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এডজুটেন্ড কর্তৃক প্রদত্ত ২১ (একুশ) দিনের মৌলিক প্রশিক্ষণের সনদপত্র।

চ) কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রীকে উপরোল্লিখিত পদ সমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সেই মর্মে সংশ্লিষ্ট ইক্যুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইক্যুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক/সাক্ষাতকার পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

৭. প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গড়মিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।ভূল তথ্য / জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮. যদি:

ক) কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন। খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশে নাগরিক নন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১০. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

১২. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যেকোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১৩. অনলাইন আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী :

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://csh.teletalk.com.bdএই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৬/০২/২০২৪ সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৫/০৩/২০২৪ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষা ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদন পত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে

০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৬ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকা সহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:: CSH<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSH ABCDEF & Send to 16222.

Replay: Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pey fee Type CSH<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS:: CSH<space>**Yes**<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSH YES 12345678

Replay: Congratulations! Appplicant's Name, Payment completed successfully for CSH application for (Post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csh.teletalk.com.bdওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইলফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

CSH<space>Help<space>User<space>User ID & send to 16222.

Example: CSH Help User ABCDEF

ii)PIN Number জানা না থাকলে:

CSH<space>Help<space>PIN<space>PIN Number & send to 16222.

Example: CSH Help PIN 12345678

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://csh.teletalk.com.bdএ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জব পোর্টালhttps://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ , সময় ও অন্যান্য তথ্য পত্রিকা ছাড়াও http://csh.teletalk.com.bdওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bdবা coxsbazar@hospi.dghs.gov.bdই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalkএ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ম্যাসেজ এর Subject-এ Organization Name: CSH, Post Name:****, Applicant's user ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৪. অনলাইনে পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারিরীক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবী না করলে পরবর্তীতে নতুন করে কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১৫. কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা সায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রম না হয়ে থাকলে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৬. আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোন substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোন সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থীতা বাতিল হবে।

১৭. আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারনে প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলেও আবেদনে স্থায়ী ঠিকানায় উল্লেখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

১৮. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় সূচি তত্ত্বাবধায়ক কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ও একই সাথে http://csh.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১৯. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

২০. লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য তত্ত্বাবধায়ক কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২১. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রামানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

***শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(ডাঃ মং টিং ঞো)
তত্ত্বাবধায়ক
ফোন : ০২-৫১০৬০৩০০
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল,
কক্সবাজার
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি।

স্মারক নম্বরঃ- ৪৫.০০.০০০০.১০০০০৯২২.২১৭.২০২৪. ৩৫২

তারিখ: ১৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি,২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব।
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
০৫। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৬। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৭। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৯। উপসচিব (প্রশাসন ১,২ ও ৩ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জেলা প্রশাসক, কক্সবাজার।
১১। পুলিশ সুপার, কক্সবাজার।
১২। সিভিল সার্জন, কক্সবাজার।
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), কক্সবাজার।
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
১৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা.................(সকল), কক্সবাজার।
১৬। .... (সকল), কক্সবাজার।
১৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , কক্সবাজার।
১৮। নোটিশ বোর্ড, এ কার্যালয়।
১৯। অফিস কপি।

31.01.24

(ডাঃ মং টিং ঞো)
তত্ত্বাবধায়ক
ফোন : ০২-৫১০৬০৩০০
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল,
কক্সবাজার
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি।